

3 0 NOV 1996

দৈনিক ইনকিলাব

তারিখ
পৃষ্ঠা	3 0 NOV 1996	কলাম	২	২	২

২৭

শিক্ষা বোর্ডের ধর্মঘট স্থগিত রাখার সিদ্ধান্ত

স্টাফ রিপোর্টার : বাংলাদেশ আন্তঃশিক্ষা বোর্ড কর্মচারী ফেডারেশন দেশ ও জাতির স্বার্থে ৫টি বোর্ডে চলমান ধর্মঘট স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে।

ফেডারেশনের সভাপতি জনাব আমিনজাদ হোসেন বকসী স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গত বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয়ে যুগ্ম সচিব এবং উপসচিব দ্বয়ের সাথে ফেডারেশনের নেতৃবৃন্দের এক বৈঠকে ফেডারেশনের দাবীসমূহ ন্যায়সংগত বলে উল্লেখ করায় এবং শিক্ষা সচিবের সাথে আগামী ৭ ডিসেম্বর বৈঠকের সিদ্ধান্ত হওয়ায় ফেডারেশন সাময়িকভাবে ৫টি শিক্ষা বোর্ডে তাদের অনির্দিষ্টকালের ধর্মঘট স্থগিত রাখার সিদ্ধান্ত নিয়েছে।